# গাজা পুনর্গঠনে ফিলিস্তিনিদের শাসন নিশ্চিতের আহ্বান চীনের



ছবি: সংগৃহীত

ফিলিস্তিনিদের নিজেদের ভূখণ্ড নিজেরাই পরিচালনা করবে—এ নীতির ভিত্তিতে গাজার পুনর্গঠন হওয়া উচিত বলে মন্তব্য করেছেন চীনের ভাইস প্রেসিডেন্ট হান ঝেং। একই সঙ্গে মধ্যপ্রাচ্যের দেশগুলোর সার্বভৌমত্বের প্রতি সম্মান দেখানো এবং ফিলিস্তিন-ইসরায়েল সংকটের সমাধানে দুই-রাষ্ট্রভিত্তিক ব্যবস্থায় ফেরার আহ্বান জানিয়েছেন তিনি।

জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সাধারণ বিতর্কে দেওয়া বক্তব্যে হান ঝেং এসব কথা বলেন।

মধ্যপ্রাচ্যের পরিস্থিতি নিয়ে চীনের এই নেতা বলেন, উপসাগরীয় দেশসহ এ অঞ্চলের সব রাষ্ট্রের সার্বভৌমত্বকে সম্মান করতে হবে। যুদ্ধের পর গাজার পুনর্গঠন এমনভাবে করতে হবে, যাতে ‘ফিলিস্তিনিরাই ফিলিস্তিন শাসন করবে’ নীতিটি কার্যকর থাকে। একই সঙ্গে দুই-রাষ্ট্রভিত্তিক সমাধানের পথে ফিরে যাওয়ার ওপর গুরুত্ব দেন তিনি।

ফিলিস্তিন প্রশ্নে চীনের এই অবস্থান আগেও প্রকাশ পেয়েছে। গত আগস্টে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের বৈঠকে চীনের স্থায়ী প্রতিনিধি ফু ছংও পশ্চিম তীরের শাসন এবং যুদ্ধ-পরবর্তী গাজার পুনর্গঠন ফিলিস্তিনিদের নিজেদের শাসনের নীতিতে করার কথা বলেছিলেন। ওই বক্তব্যে তিনি ফিলিস্তিনিদের বৈধ জাতীয় অধিকার ও দুই-রাষ্ট্রভিত্তিক সমাধানের প্রতি চীনের সমর্থনের কথাও জানান।

বক্তব্যে হান ঝেং আন্তর্জাতিক বিরোধ মেটাতে সংলাপের ওপর গুরুত্ব দেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর প্রতিষ্ঠিত আন্তর্জাতিক ব্যবস্থা এবং আন্তর্জাতিক আইনের ভিত্তি অক্ষুণ্ন রাখার আহ্বান জানিয়ে তিনি জাতিসংঘ সনদ লঙ্ঘন করে একতরফা সামরিক পদক্ষেপ এবং নিরাপত্তা পরিষদের অনুমোদন এড়িয়ে যাওয়ার বিরোধিতা করেন।

বিশ্বশান্তি ও নিরাপত্তা বজায় রাখার ক্ষেত্রে বড় দেশগুলোর বাড়তি দায়িত্ব রয়েছে বলেও মন্তব্য করেন হান ঝেং। আন্তর্জাতিক নিয়ম ও আইনের শাসন মেনে শান্তি ও নিরাপত্তা রক্ষায় বড় দেশগুলোকে নেতৃত্ব দেওয়ার আহ্বান জানান তিনি।